# SCRIE/DRIE হাউসহোল্ড ইনকাম ওয়ার্কশীট (আপনার পারিবারিক আয় কিভাবে নির্ণয় করবেন)

আপনি যে তারিখে এই আবেদনটি দাখিল করছেন তার পূর্ববর্তী ক্যালেন্ডার বর্ষে আপনার বার্ষিক সর্বমোট পারিবারিক আয় নির্ধারণ করার জন্য টুল হিসেবে সংযুক্ত ওয়ার্কশীটটি ব্যবহার করুন। পরিবারের প্রত্যেক সদস্যের জন্য আয়ের বিভাগগুলি পূরণ করুন। যদি দুইজনের বেশি অতিরিক্ত সদস্য আপনার সাথে বসবাস করে, তবে আলাদা শীটে তাদের তথ্য দিন এবং আপনার আবেদনপত্রের সাথে তা সংযুক্ত করুন।

শুরু করার আগে, আপনার উচিত:

- আপনি যে তারিখে এই আবেদনটি দাখিল করছেন তার পূর্ববর্তী ক্যালেন্ডার বর্ষে আপনার এবং পরিবারেরর অতিরিক্ত প্রত্যেক সদসস্যের মোট আয়ের নথিপত্র সংগ্রহ করা। উদাহরণস্বরূপ, আপনি যদি 2020 সালে আপনার আবেদনপত্র দাখিল করেন তাহলে আপনার 2019 সালের আয়ের তথ্য আমাদের দরকার। আপনাকে ওয়ার্কশীটের 1–15 লাইনের মধ্যে এই আয়ের রিপোর্ট করার পাশাপাশি আবেদনপত্রের সাথে নথিপত্র দাখিল করতে হবে।
- আয়ের ওয়ার্কশীটে সংশ্লিষ্ট আয়ের ধরনের জন্য সরবরাহকৃত বক্সগুলিতে প্রাপ্ত মোট পরিমাণ লিখুন।

**আয়ের উৎস:**

**লাইন 1 - সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস (SSA)**
আপনি ও পরিবারের সকল সদস্য সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন থেকে অবসর বা সারভাইভার সংক্রান্ত যে বেনিফিট পেয়েছেন তার মোট পরিমাণ লিখুন। *SSA ফরম 1099, IRS ফরম 1040 দেখুন। মেডিকেয়ার/ মেডিকেইডের অধীনে চিকিৎসা ব্যয় সংক্রান্ত অনুদান অন্তর্ভুক্ত করবেন না।*

**লাইন 2 - সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইন্স্যুরেন্স (SSDI)**
আপনার এবং পরিবারের সকল সদস্যের প্রাপ্ত সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইনকাম (SSDI) লিখুন। *প্রাপ্ত বেনিফিটের জন্য সমস্ত বেনিফিট অ্যাওয়ার্ড লেটারগুলি দেখুন।*

**লাইন 3 - সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইন্স্যুরেন্স (SSI)**
আপনার এবং পরিবারের সকল সদস্যের প্রাপ্ত সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSDI) লিখুন। *প্রাপ্ত বেনিফিটের জন্য সমস্ত বেনিফিট অ্যাওয়ার্ড লেটারগুলি দেখুন।*

**লাইন 4 - ভেটেরান্স অ্যাফেয়ার্স (VA) ডিজেবিলিটি পেনশন বা ডিজেবিলিটি কম্পেনসেশন বেনিফিটস**
আপনি এবং পরিবারের সমস্ত সদস্য যারা U.S. ডিপার্টমেন্ট অব ভেটেরান্স অ্যাফেয়ার্স থেকে VA বেনিফিট পেয়েছে তাদের সকল বেনিফিটের মোট পরিমাণ লিখুন। ডিপার্টমেন্ট অব ভেটেরান্স অ্যাফেয়ার্স থেকে প্রাপ্ত বেনিফিটের পরিমাণ উল্লেখপূর্বক সমস্ত চিঠির প্রতিলিপি জমা দিন।

**লাইন 5 - ইউনাইটেড স্টেটস পোস্টাল সার্ভিস (USPS) ডিজেবিলিটি পেনশন বা ডিজেবিলিটি কম্পেন্সেশন বেনিফিটস**
আপনি এবং পরিবারের সমস্ত সদস্য যারা U.S. পোস্টাল সার্ভিস থেকে USPS বেনিফিট পেয়েছে তাদের সকল বেনিফিটের মোট পরিমাণ লিখুন। U.S. পোস্টাল সার্ভিস থেকে প্রাপ্ত বেনিফিটের পরিমাণ উল্লেখপূর্বক সমস্ত চিঠির প্রতিলিপি জমা দিন।

**লাইন 6 - মজুরি/বেতন/টিপস**
মজুরি, বেতন এবং টিপস বাবদ আপনি এবং পরিবারের সকল সদস্যদের প্রাপ্ত অর্থের মোট পরিমাণ লিখুন। *W-2 বক্স 1, 1099-MISC বক্স 7, IRS ফরম 1040, NYS ফরম IT-201 দেখুন।*

**লাইন 7 - পেনশন**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত মোট পেনশনের পরিমাণ লিখুন।

**লাইন 8 - প্রতিবন্ধী/শ্রমিক ক্ষতিপূরণের পেমেন্ট**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত শ্রমিক ক্ষতিপূরণের মোট পরিমাণ লিখুন। আপনার আবেদনপত্রের সাথে আপনার অ্যাওয়ার্ড লেটারের একটি প্রতিলিপি জমা দিন।

**লাইন 9 - করযোগ্য এবং করমুক্ত সুদ**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত সমস্ত করযোগ্য এবং করমুক্ত সুদের মোট পরিমাণ লিখুন। *1099-INT বক্স 1, IRS ফরম 1040, NYS ফরম IT-201 দেখুন।*

**লাইন 10 - সরকারি সহায়তার নগদ পুরস্কার**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত যেকোনো নগদ সহায়তার মোট পরিমাণ লিখুন। আপনার আবেদনের সাথে পরিবারের যে সমস্ত সদস্য নগদ সহায়তা পাচ্ছে তাদের বাজেট লেটারের প্রতিলিপি জমা দিন। SNAP/ফুড স্ট্যাম্প আপনার পারিবারিক আয়ের সাথে সংযুক্ত করবেন না।

**লাইন 11 - ব্যবসায়িক আয়**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত নীট ব্যবসায়িক আয়ের উৎস লিখুন। *IRS ফরম 1040, NYS ফরম IT-201 দেখুন। ক্ষতির পরিমাণ লিখবেন না।* নীট ব্যবসায়িক আয় হলো মোট আয় থেকে ব্যয়ের বিয়োগফল।

**লাইন 12 - মূলধন থেকে আয়**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত যেকোনো মূলধন থেকে আয়ের মোট পরিমাণ লিখুন। *IRS ফরম 1040, NYS ফরম IT-201 দেখুন। ক্ষতির পরিমাণ লিখবেন না।*

**লাইন 13 - IRA আয়**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত মোট IRA আয়ের পরিমাণ লিখুন। আপনার বছর শেষের আয় বিবরণীর একটি প্রতিলিপি সংযুক্ত করুন। *মোট বিতরণের পরিমাণ সংযুক্ত করবেন না। কোনো প্রকারের IRA রোলওভার বা রূপান্তর সংযুক্ত করবেন না।*

**লাইন 14 - বার্ষিক আয়**
আপনি এবং আপনার পরিবারের সদস্যদের প্রাপ্ত বার্ষিক আয়ের মোট পরিমাণ লিখুন। আপনার বছর শেষের আয় বিবরণীর একটি প্রতিলিপি সংযুক্ত করুন। *মোট বিতরণের পরিমাণ সংযুক্ত করবেন না।*

**লাইন 15 - অন্যান্য যাবতীয় আয়**
প্রাপ্ত অন্যান্য যাবতীয় আয়ের মোট পরিমাণ লিখুন। অন্যান্য আয়ের মধ্যে পড়ে (কিন্তু এগুলোতেই সীমাবদ্ধ নয়), ভাড়া বাবদ আয়, বোর্ডারদের থেকে প্রাপ্ত ভাড়া, এস্টেটস বা ট্রাস্ট থেকে প্রাপ্ত আয়, ভরণপোষণ, চাইল্ড সাপোর্ট পেমেন্ট, জুয়াতে জেতা, করযোগ্য এবং করমুক্ত লভ্যাংশ, ঋণ বাতিলকরণ, ভাড়া বাবদ পরিবার/ বন্ধুদের থেকে আর্থিক সহায়তা।

**লাইন 16 - লাইন 1 থেকে 15 যোগ করে পরিমাণ লিখুন।**

**প্রযোজ্য বিয়োজন**

**লাইন 17 - ফেডারেল আয়কর**
*(W-2 বক্স 2 এবং ফরম 1099-ফেডারেল ইনকাম ট্যাক্স উইথহেল্ড বক্স বা ফরম 1040)*

**লাইন 18 - স্টেটের আয়কর**
*(W-2 বক্স 17 এবং ফরম 1099-স্টেট ইনকাম ট্যাক্স উইথহেল্ড বক্স বা ফরম IT-201)*

**লাইন 19 - স্থানীয় আয়কর**
*(W-2 বক্স 19; বা ফরম IT-201)*

**লাইন 20 - সোশ্যাল সিকিউরিটি ট্যাক্স**
*(W-2 বক্স 4)*

**লাইন 21 - লাইন 17 থেকে 20 যোগ করে পরিমাণ লিখুন।**

**মোট পারিবারিক আয়**

**লাইন 22 - লাইন 16 থেকে লাইন 21 বিয়োগ করে পরিমাণ লিখুন।**

**অনুগ্রহ করে পূরণ করুন কিন্তু আপনার আবেদনপত্রের সাথে জমা দেবেন না**

# SCRIE/DRIE প্রি-কোয়ালিফাইং ইনকাম ওয়ার্কশীট

| | প্রাপ্ত আয়ের উৎস | আবেদনকারী | পরিবারের সদস্য #1 | পরিবারের সদস্য #2 | মোট |
|---|---|---|---|---|---|
| 1 | সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস (SSA)<br>*(SSA-1099 বক্স 5, IRS ফরম 1040)* | $ | $ | $ | $ |
| 2 | সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইন্স্যুরেন্স (SSDI)<br>*(SSDI বেনিফিটের বিবরণী)* | $ | $ | $ | $ |
| 3 | সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইন্স্যুরেন্স (SSI)<br>*(SSI বেনিফিটের বিবরণী)* | $ | $ | $ | $ |
| 4 | ভেটেরান্স অ্যাফেয়ার্স (VA) ডিজেবিলিটি পেনশন বা ডিজেবিলিটি কমপেনসেশন বেনিফিটস<br>*(বার্ষিক বেনিফিটের বিবরণী)* | $ | $ | $ | $ |
| 5 | ইউনাইটেড স্টেটস পোস্টাল সার্ভিস (USPS) ডিজেবিলিটি পেনশন বা ডিজেবিলিটি<br>*কম্পেন্সেশন বেনিফিটস (বার্ষিক বেনিফিটের বিবরণী)* | $ | $ | $ | $ |
| 6 | মজুরি/বেতন/টিপস<br>*(W-2 বক্স 1, 1099-MISC বক্স 7, IRS ফরম 1040, NYS ফরম IT-201)* | $ | $ | $ | $ |
| 7 | পেনশন<br>*(1099R বক্স 1, পেনশন বিবরণী থেকে মোট বার্ষিক পেনশন, IRS ফরম 1040)* | $ | $ | $ | $ |
| 8 | প্রতিবন্ধী/শ্রমিক ক্ষতিপূরণ পেমেন্ট<br>*(অ্যাওয়ার্ড লেটার সংযুক্ত করুন)* | $ | $ | $ | $ |
| 9 | করযোগ্য ও করমুক্ত সুদ<br>*(1099-INT বক্স 1, IRS ফরম 1040)* | $ | $ | $ | $ |
| 10 | সরকারি সহায়তার নগদ পুরস্কার<br>*(PA বাজেট লেটার)* | $ | $ | $ | $ |
| 11 | ব্যবসায়িক আয়<br>*(IRS ফরম 1040—ক্ষতি অন্তর্ভুক্ত করবেন না, NYS ফরম IT-201)* | $ | $ | $ | $ |
| 12 | মূলধনী লাভ<br>*(IRS ফরম 1040, NYS ফরম IT-201—ক্ষতি অন্তর্ভুক্ত করবেন না)* | $ | $ | $ | $ |
| 13 | IRA আয়সমূহ<br>*(বছর শেষের আয় বিবরণী—আপনার বিতরণের পরিমাণ অন্তর্ভুক্ত করবেন না)* | $ | $ | $ | $ |
| 14 | বার্ষিক আয়<br>*(বছর শেষের আয় বিবরণী—আপনার বিতরণের পরিমাণ অন্তর্ভুক্ত করবেন না)* | $ | $ | $ | $ |
| 15 | অন্যান্য যাবতীয় আয়<br>*(আয়ের উৎসসমূহের তালিকার জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) দেখুন)* | $ | $ | $ | $ |
| 16 | **মোট আয় (লাইন 1 থেকে 15 যোগ করুন)** + | $ | $ | $ | $ |
| | **প্রযোজ্য বিয়োজন** | | | | |
| 17 | ফেডারেল ইনকাম ট্যাক্স<br>*(W -2 বক্স 2 এবং ফরম 1099-ফেডারেল ইনকাম ট্যাক্স উইথহেল্ড বক্স বা ফরম 1040)* | $ | $ | $ | $ |
| 18 | স্টেট ইনকাম ট্যাক্স<br>*(W-2 বক্স 17 এবং ফরম 1099-স্টেট ট্যাক্স উইথহেল্ড বক্স বা ফরম IT-201)* | $ | $ | $ | $ |
| 19 | স্থানীয় আয়কর<br>*(W-2 বক্স 19; বা ফরম IT-201)* | $ | $ | $ | $ |
| 20 | সোশ্যাল সিকিউরিটি ট্যাক্স<br>*(W-2 বক্স 4)* | $ | $ | $ | $ |
| 21 | **মোট বিয়োজন (লাইন 17 থেকে 20 যোগ করুন)** + | $ | $ | $ | $ |
| 22 | **মোট আয় (লাইন 16 এর সাথে লাইন 21 এর বিয়োগ)** − | $ | $ | $ | $ |

**আপনার মাসিক আয়ের 1/3 অংশ কত?**

| | |
|---|---|
| লাইন **22** থেকে মোট পরিমাণ লিখুন: সেই পরিমাণটিকে 36 দ্বারা ভাগ (÷) করুন = | $ |

বর্তমানে আপনি যত ভাড়া দিচ্ছেন তার চাইতেও কি এই পরিমাণটি বেশি? ☐ হ্যাঁ ☐ না

**হ্যাঁ হলে, আপনি যোগ্য নাও হতে পারেন। যাইহোক, আপনি আবেদন করে যেতে পারেন।**
**আপনার আবেদন বাতিল হলে আপনি পরবর্তী বছরে আবেদন করতে পারেন**